মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১২ মে ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৮২	১৯২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৭২	৯২৬
মোট	২,৫৭২	১,৪৫৪	১,১১৮

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	৪৩	৩২	৬৩	৫১	১৯২
দুর্নীতি দমন কমিশন	-	-	৩০৪	২১৪	২৮৩	১২৫	৯২৬
মোট	৩	-	৩৪৭	২৪৬	৩৪৬	১৭৬	১,১১৮

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	১	-	যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত Ceremony on submission of 'Intent to Apply' for Bangladesh Accreditation Council (BAC)-এ বিশেষ অতিথি হিসেবে যোগদানের লক্ষ্যে ১৩ এপ্রিল ২০২৬ যশোর জেলা সফর করেন।
	সচিব, সমন্বয় ও সংস্কার		
	-	-	-
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	১৭০	৪৭.৯৪ (২৮.২০ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (2nd revised)	১,৫৬৮	১,৪১৮.৪৯ (৯০.৪৬ শতাংশ)	-
3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১২৪	২৬.৮৩ (২১.৬৪ শতাংশ)	-
4.Strengthening SBCC Delivery System in Social Protection	৯০.২৬	১৯.৪৮ (২১.৫৮ শতাংশ)	
মোট	১,৯৫২.২৬	১,৫১২.৭৪ (৭৭.৪৯ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৫টি	০.০৯৯	১	-	১৫টি	মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ১টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	২০৬.৫৫	৩টি	৪টি	২১টি	-
মোট	৪০টি	২০৬.৬৫	৪টি	৪টি	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	-	-	-	৩	১
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	-	১৫	১০
মোট	১৮	-	-	-	-	১৮	১১

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	নবম থেকে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের দাপ্তরিক কাজে আইসিটি টুলস ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ	২৭-২৮ এপ্রিল ২০২৬	২০ জন
দুর্নীতি দমন কমিশন	১.	দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৫-৭ এপ্রিল এবং ১৯-২৯ এপ্রিল ২০২৬	৪০ জন
	২.	প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	১৯-২৩ এপ্রিল এবং ২৬-৩০ এপ্রিল ২০২৬	৪০ জন
	৩.	ফরেনসিক একাউন্টিং বিষয়ক প্রশিক্ষণ	৫-৯ এপ্রিল এবং ১৯-২৩ এপ্রিল ২০২৬	৪০ জন
	৪.	গাড়ী চালকদের দাপ্তরিক শৃঙ্খলা, শিষ্টাচার ও ট্রাফিক আইন প্রতিপালন বিষয়ক প্রশিক্ষণ	১২-১৩ এপ্রিল ২০২৬	৪০ জন
	৫.	বর্ষপঞ্জিকা প্রণয়ন বিষয়ক Training Needs Assessment কর্মশালা	১৬ এপ্রিল ২০২৬	২৬ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড-৯ ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
-	-	-	-	-

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	Introduction to Budget Management (IBM) (52nd Batch) শীর্ষক প্রশিক্ষণ	৩০ মার্চ-৫ এপ্রিল ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
দুর্নীতি দমন কমিশন	১.	দুর্নীতি দমন কমিশনের কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ	৫-৭ এপ্রিল এবং ২২-২৪ এপ্রিল ২০২৬	বিয়াম ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার	৬০ জন
	২.	৬৬তম সিনিয়র সিকিউরিটি কোর্স ২০২৬	২২ এপ্রিল-৭ মে ২০২৬	এনএপিডি	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুদকের ২১ জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২২টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১০টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১৩টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৬১টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১৬টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১১টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) এপ্রিল ২০২৬ মাসে সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে জাতীয় সমন্বয় কমিটি; জাতীয় পর্যটন পরিষদ কমিটি; রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫ এবং রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ যাচাই-বাছাইপূর্বক নতুন বিল উত্থাপনের নিমিত্ত সুপারিশ প্রণয়ন কমিটি; কোরবানি সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ কমিটি; বিদ্যুতের পাইকারী ও খুচরা মূল্যহার সমন্বয় বিষয়ে প্রস্তাব প্রণয়নের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি; চলমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি ও বিদ্যুতের ক্রমবর্ধমান সংকট সমাধানে বিদ্যুতের পাইকারি (Bulk) ও খুচরা (Retail) মূল্যহার সমন্বয়ের বিষয়ে প্রস্তাব প্রণয়নের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি এবং জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ (National Advisory Council on Statistics-NACS) কমিটি গঠন করা হয়েছে।

(৫) এপ্রিল ২০২৬ মাসে বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি; জাতীয় বেতন কমিশন, ২০২৫, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর প্রতিবেদন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) পুর্নগঠন করা হয়েছে।

(৬) ৯ এপ্রিল ২০২৬ তারিখে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৯তম সভা ও ৩০ এপ্রিল ২০২৬ তারিখে ২১০তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৭) ১৬ এপ্রিল ২০২৬ তারিখে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রিগণের বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার সম্পর্কিত নির্দেশাবলি জারি করা হয়েছে।

(৮) ৮ এপ্রিল ২০২৬ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের Allocation of Business (কার্য-তালিকা)-এ item No. 28 [28. Preparation, co-ordination and implementation of spatial plan at national, regional and local level.] সন্নিবেশ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশিত হয়েছে।

(৯) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর Rule 3B(ii) অনুযায়ী জনাব তানভীর গনিকে বিনিয়োগ ও পুঁজিবাজার বিষয়ক বিশেষ সহকারী হিসেবে ও জনাব বিজন কান্তি সরকারকে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ও নৃ-গোষ্ঠী বিষয়ক বিশেষ সহকারী হিসেবে এবং এস, এম জিয়াউদ্দিন হায়দারকে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী হিসেবে নিয়োগদান ও দায়িত্ব অর্পণ করেছেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন যথাক্রমে ২ এপ্রিল এবং ২২ এপ্রিল ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) ত্রয়োদশ জাতীয় সংসদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পর্কিত দায়িত্ব বণ্টন করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৬ এপ্রিল ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) এপ্রিল ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৯টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৫টি এবং পুনঃতদন্তের জন্য প্রেরিত ২টিসহ মোট ১৬টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) এপ্রিল ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২১টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৫টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে এবং ৫টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এ বিভাগে সরাসরি দাখিলকৃত ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৩) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় এবং এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৪) পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষ্যে কাঁচা চামড়ার সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি সফলভাবে আয়োজনের লক্ষ্যে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) বিদ্যমান বৈশ্বিক পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিরসনে সমন্বিত কর্মকৌশল প্রস্তাব বাস্তবায়ন, সরকারি অফিসে জ্বালানি তেল/সিএনজি ও বিদ্যুৎ ব্যবহার সংক্রান্ত তথ্য প্রেরণ এবং শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সন্ধ্যা ৭ ঘটিকা পর্যন্ত খোলা রাখা প্রসঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার পুরাতন অফিস ভবন ও আবাসিক ভবনসমূহ অকেজো/পরিত্যক্ত ঘোষণাকরণ সংক্রান্ত কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণকে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) ১৬ এপ্রিল ২০২৬ তারিখে স্বাধীনতা পুরস্কার ২০২৬ প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

(২০) কালো ধোঁয়া নির্গমনকারী ও মেয়াদ উত্তীর্ণ যানবাহন অপসারণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণে জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) মাতারবাড়ি কোল পাওয়ার প্ল্যান্টের স্ক্র্যাপ ইয়ার্ডে সংঘটিত অগ্নিকান্ডের তদন্ত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) এপ্রিল ২০২৬ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৩) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত মার্চ ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১২ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩০ এপ্রিল ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ১৭,৬১৫টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১০,৬৩৪টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬০.৩৭ শতাংশ।

(২৬) ২০ এপ্রিল ২০২৬ তারিখে সেবা সহজিকরণ নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৭) ২২ এপ্রিল ২০২৬ তারিখে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) পরিমার্জন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৮) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৬-২৭ অর্থবছরের GPMS (Government Performance Monitoring System)-এর ৩ বছর মেয়াদি পরিকল্পনা যাচাই ও মূল্যায়ন পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৯) ২৯ এপ্রিল ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (মে-জুন ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

(৪) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভা আয়োজন।

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব